মানবজমিন

Date - 15 March 2014, Page - 24

আধুনিক মালয়েশিয়ার রূপকার মাহাথির ঢাকা আসছেন আজ

কূটনৈতিক রিপোর্টার: আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী তুন ড. মাহাথির বিন মোহাম্মদ (মাহাথির মোহাম্মদ) দু'দিনের সফরে আজ ঢাকা আসছেন। ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সের (ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তনে অংশ নিতেই তার এবারের সফর। পররাষ্ট্র দপ্তর সূত্র জানিয়েছে, একটি ভাড়া করা বিমানে সকাল ১০টার দিকে তিনি ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক *পৃষ্ঠা ৫ কলাম ৫*

আধুনিক মালয়েশিয়ার রূপকার

শেষ পৃষ্ঠার পর

বিমানবন্দরে পৌঁছবেন। এরপর বিকালে সমাবর্তন বক্তা হিসাবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গুরুত্বপূর্ণ ভাষণ দেবেন। ওই সমাবর্তনে প্রেসিডেন্ট ও ইউনিভার্সিটির চ্যান্সেলর আবদুল হামিদ সভাপতিত্ব করবেন। বিকালে মাহাথির দেশী বিদেশী গণমাধ্যমের সঙ্গে মতবিনিময়ও করবেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গণভবনে যাবেন। কাল সকালেই কুয়ালালামপুরের পথে তার রওনা হওয়ার কথা রয়েছে। এদিকে যে প্রতিষ্ঠান তাকে এবার বাংলাদেশে নিয়ে আসছে সেই ইউআইটিএসের তরফে সংবাদ সম্মেলন করে সফরের বিস্তারিত জানানো হয়েছে। বৃহস্পতিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে আয়োজকদের তরফে জানানো হয়, ১৫ই মার্চ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিকাল ৩টায় ইউআইটিএসের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান হবে। অনুষ্ঠানে ৬০৮১ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হবে। মাহাথির মোহাম্মদ কৃতী শিক্ষার্থদের হাতে সনদ তুলে দেবেন। ওই সমাবর্তনের মাধ্যমে সর্বোচ্চ সিজিপিএ আর্জনকারী ১৫ জন শিক্ষার্থীকে চ্যান্সেলর, ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান ও ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেয়া হবে। এর মধ্যে ইঞ্জিনিয়ারিং থেকে ৮ জন, স্কুল অব বিজনেস স্টাডিজ থেকে ৩ জন এবং স্কুল অব লিবারেল আর্টস অ্যান্ড সোস্যাল সায়েন্সেস থেকে ৪ জনকে স্বর্ণপদক দেয়া হবে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ইউআইটিএসের উপাচার্য ড. মুহাম্মদ সামাদ। এ সময় আরও উপস্থিত ছিলেন ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও পিএসইপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ সুফী মোহাম্মদ মিজানুর রহমান, বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য ড. কে এম সাইফুল ইসলাম খান, রেজিস্ট্রার ড. আবদুল্লাহ আল মামুন চৌধুরী, ডিন ড. আফজাল আহমেদ প্রমুখ। লিখিত বক্তব্যে ড. মুহাম্মদ সামাদ জানান, ইউআইটিএসের স্কুল অব সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, স্কুল অব বিজনেজ, স্কুল অব লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সের অধীনে ১০টি বিভাগে ১৭টি ডিগ্রি প্রোগ্রাম রয়েছে। বর্তমানে ৯ হাজারের বেশী ছাত্রছাত্রী এ বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ করছে। ইউআইটিএস ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও পিএসইপি ফ্যামিলির চেয়ারম্যান আলহাজ সুফী মোহাম্মদ মিজানুর রহমান বলেন, একজন সাধারণ মানুষ কিভাবে অসাধারণ হয়ে উঠতে পারেন তা শিক্ষার্থীদের সামনে তুলে ধরতে মাহাথির মোহাম্মদকে সমাবর্তন অনুষ্ঠানে আনা হচ্ছে। এতে আমাদের শিক্ষার্থীরা আদর্শ জীবন গড়তে নানা দিকনির্দেশনা পাবেন।

উল্লেখ্য, ২০০৯ সালে ইউআইটিএসের প্রথম সমাবর্তন বক্তা ছিলেন ভারতের সাবেক প্রেসিডেন্ট এ পি জে আবদুল কালাম।